গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ৪৮৭, তারিখঃ ১৬/৯/২০১৫ খ্রিঃ

## ভর্তি বিজ্ঞপ্তি

আপনি কি ১৮-৩৫ বছর বয়সী বেকার যুবক/ যুবমহিলা ? আপনি কি প্রতিষ্ঠিত হতে পারেননি ? আর হতাশা নয়। যুব উন্নয়ন অধিদপ্তরে প্রশিক্ষণ নিন, নিজের দক্ষতা বৃদ্ধি করুন, জীবন গড়ুন, দেশ গড়ুন।

* বর্ণিত বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করলে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে সনদপত্র প্রদান করা হয়।
* প্রশিক্ষণ লব্ধ জ্ঞানের উপর ভিত্তি করে আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণকারী যুবকে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে যুব ঋণ সহায়তা প্রদান করা হয়।

দেশের বেকার যুবদের কৃষি এবং কারিগরী বিষয়ে দক্ষতাবৃদ্ধি, কর্মসংস্থান এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য বেকার যুবক ও যুবমহিলাদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম | কোর্স ফি (টাকা) | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | প্রশিক্ষণ ভাতা (টাকা) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১. | **''গবাদিপশু,হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি'' বিষয়ক প্রশিক্ষণ কোর্স (আবাসিক, ২৫-১০-২০১৫ থেকে ০৭-০১-২০১৬ খ্রিঃ পর্যন্ত)** মেয়াদ-২ মাস ১৫দিন.<br>**১টি কেন্দ্রঃ আসন সংখ্যা-১২০**<br>সাভার যুব প্রশিক্ষণ কেন্দ্র।<br>**৩০টি কেন্দ্রঃ আসন সংখ্যা-৬০**<br>ময়মনসিংহ, সিলেট, রংপুর, ফেনী, যশোর, বগুড়া, বরিশাল, জামালপুর, ফরিদপুর, সিরাজগঞ্জ, ঠাকুরগাঁও, কুমিল্লা, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, পাবনা, দিনাজপুর, গাইবান্ধা, লালমনিরহাট, নওগাঁ, নাটোর, খুলনা, মাগুরা, নোয়াখালী, চাঁদপুর, বি-বাড়ীয়া, হবিগঞ্জ, ভোলা, চাঁপাইনবাবগঞ্জ, সুনামগঞ্জ ও পটুয়াখালী যুব প্রশিক্ষণ কেন্দ্র।<br>**২১টি কেন্দ্রঃ আসন সংখ্যা-৪০**<br>রাজশাহী, চট্টগ্রাম, ঝালকাঠি, মৌলভীবাজার, নরসিংদী, বাগেরহাট, কুষ্টিয়া, বান্দরবান, গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, শরীয়তপুর, মাদারীপুর, শেরপুর, নড়াইল, ঝিনাইদহ, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, পিরোজপুর, মুন্সীগঞ্জ, পঞ্চগড়, ও কক্সবাজার যুব প্রশিক্ষণ কেন্দ্র।<br>**২টি কেন্দ্রঃ আসন সংখ্যা-৩০**<br>বরগুনা ও কুড়িগ্রাম (অনাবাসিক) যুব প্রশিক্ষণ কেন্দ্র। | ১০০ | অষ্টম শ্রেণী পাশ | ক) ১২০০/- প্রতি মাসে উপস্থিতি ভিত্তিতে।<br>খ) ৭০০/- অনাবাসিক এর জন্য (শুধুমাত্র কুড়িগ্রাম কেন্দ্রের জন্য প্রযোজ্য)। | ২১-১০-১৫ খ্রিঃ স্ব-স্ব উপজেলা কার্যালয় |
| ০২. | **''পোষাক তৈরী'', মেয়াদ-৩ মাস।**<br>**(অনাবাসিক, ০১-১০-২০১৫ থেকে ৩১-১২-২০১৫ খ্রিঃ পর্যন্ত)**<br>**মোট ৬৮টি কেন্দ্র ঃ**<br>**১০টি জেলায় ১৫টি কেন্দ্রঃ আসন সংখ্যা-২৫**<br>ঢাকা-৬টি, গাজীপুর-১টি, জামালপুর, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, রংপুর, কুড়িগ্রাম, পাবনা এবং লালমনিরহাট।<br>**নারায়ণগঞ্জ জেলা ব্যতীত অবশিষ্ট ৫৩টি জেলাঃ** আসন সংখ্যা-৪০। | ৫০ | অষ্টম শ্রেণী পাশ। | - | ২৯-০৯-১৫খ্রিঃ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৩. | **''ব্লক বাটিক ও স্ক্রিণ প্রিন্টিং'', মেয়াদ-৪ মাস, প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০ জন।**<br>**(অনাবাসিক, ০১-১১-২০১৫ থেকে ২৯-০২-২০১৬ খ্রিঃ পর্যন্ত)**<br>**১০টি কেন্দ্রঃ** ঢাকা জেলা-৫টি, রাজশাহী, বরিশাল, চট্টগ্রাম, ফরিদপুর, খুলনা। | ৫০ | অষ্টম শ্রেণী পাশ। | - | ২৮-১০-১৫খ্রিঃ স্ব-স্ব জেলা কার্যালয় |

পাতা/২

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি ঃ**

ক) ১নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২০-১০-২০১৫ খ্রিঃ এবং প্রশিক্ষণ শুরু ২৫-১০-২০১৫ খ্রিঃ। ২নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৮-০৯-২০১৫ খ্রিঃ এবং প্রশিক্ষণ শুরু ০১-১০-২০১৫ খ্রিঃ। ৩নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৭-১০-২০১৫ খ্রিঃ এবং প্রশিক্ষণ শুরু ০১-১১-২০১৫ খ্রিঃ।

খ) বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবমহিলা হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

গ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবমহিলা প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

ঘ) নির্ধারিত আবেদন ফরমে (১) নাম (বাংলা ও ইংরেজি) (২) পিতার নাম (বাংলা ও ইংরেজি) (৩) মাতার নাম (বাংলা ও ইংরেজি) (৪) জন্মতারিখ (৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স, (৬) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্মসনদপত্র, (৭) বর্তমান ঠিকানা (৮) স্থায়ী ঠিকানা (৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেন্ডার/লিঙ্গ (১২) মোবাইল নম্বর (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতঃপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে), (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।

ঙ) নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd. ওয়েবসাইটে পাওয়া যাবে অথবা জেলার উপ-পরিচালক/ কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটরের কার্যালয় এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

চ) দূরবর্তী স্থানে বসবাসরত বেকার যুবদের সুবিধার্থে প্রশিক্ষণ নির্বিশেষে আবেদনপত্র ইউনিয়ন ডিজিটাল সেন্টার/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/ জেলা কার্যালয়/ যুব প্রশিক্ষণ কেন্দ্রে দাখিল করতে পারবে।

ছ) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র (NID) (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার/জন্ম নিবন্ধন সনদপত্র (গ) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদনকারী অথবা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন/ সত্যায়ন করে জমা দিতে হবে। নির্বাচনী পরীক্ষার সময় মূল সনদপত্রসমূহ সংগে আনতে হবে।

জ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে সকাল ৯.০০ ঘটিকায় হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. দেয়া হবে না।

ঝ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**প্রশিক্ষণের শর্তাবলীঃ**

(ক) ১নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির সময় ভর্তি ফি ১০০/-(একশত) টাকা (অফেরতযোগ্য) এবং জামানত হিসেবে ১০০/-(একশত) টাকা (ফেরতযোগ্য) কেন্দ্রে জমা দিতে হবে, সমাপনী দিবসে জামানত ফেরত দেয়া হবে।

(খ) ১নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক (তবে কুড়িগ্রাম কেন্দ্র অনাবাসিক) বিধায় কোর্সে ভর্তিকৃতদের হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক।

(গ) ১নং ক্রমিকে বর্ণিত কোর্সটি আবাসিকভাবে পরিচালিত হবে বিধায় হোস্টেলে অবস্থানকারীদের কেন্দ্রের নিয়মানুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। হোস্টেলে অবস্থান না করলে ভাতার টাকা প্রদান করা হবে না।

(ঘ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃংখলা বাধ্যতামূলক ভাবে মেনে চলতে হবে।

(ঙ) ১নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির ক্ষেত্রে যে কেন্দ্রে মহিলা হোস্টেল নেই সে কেন্দ্রে মহিলা প্রশিক্ষণার্থীদেরকে অনাবাসিক হিসাবে প্রশিক্ষণের সুযোগ দেয়া হবে।

**প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ ঃ**

* উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ জেলা)।
* কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর (নিজ জেলা)।
* উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর (নিজ উপজেলা)।

(মোঃ শহিদুল ইসলাম)
পরিচালক(প্রশিক্ষণ-অঃ দাঃ)
ফোনঃ ৯৫৬০৭৬১।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ৪৯৭,                                        তারিখঃ ১৬/৯/২০১৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১। পরিচালক/প্রকল্প পরিচালক.....................................................(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৫। যুগ্ম সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্ম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৬। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল জেলা) .............................. জেলা। তাঁকে ভর্তির বিজ্ঞপ্তি মোতাবেক কোটা অনুযায়ী প্রশিক্ষণার্থী নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ভর্তি বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা মৎস্য, পশুসম্পদ, সমাজসেবা, মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের জেলা অফিস, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা সমাজসেবা অফিস, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা মৎস্য, কৃষি, পশুসম্পদ কার্যালয়, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ এবং তালিকাভূক্ত যুব সংগঠনসহ সকল সরকারি ও বেসরকারি সংস্থার নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে স্থানীয়ভাবে সাক্ষাতের তারিখ নির্ধারণ করে বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে নির্ধারিত তারিখে অবশ্যই প্রশিক্ষণ শুরু করতে হবে।

৭। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ..................................(১০টি কেন্দ্র)

৮। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ........................(৪৪টি কেন্দ্র)

তাঁকে কোটা পূরণে সার্বক্ষণিকভাবে উপজেলা ও জেলা কার্যালয়ের সাথে নিবিড় যোগাযোগ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ।

৯। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে ভর্তি বিজ্ঞপ্তিটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১১। অফিস কপি।

১৫/৯/১৫

(মাসুদা আকন্দ)
উপ-পরিচালক(প্রশিক্ষণ)
ফোনঃ ৯৫৬৯৭১০।